গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

''শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা''

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৩০/১১/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মুহাম্মদ রেজাউল কবীর যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	:	৩০/১১/২০২২, বেলা ১১.০০ ঘটিকা।
উপস্থিতি	:	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করার জন্য অনুরোধ করেন। সভাপতি সভার শুরুতে বলেন, বাংলাদেশের সংবিধান অনুসারে সর্বময় ক্ষমতার উৎস জনগণ। সরকারি দপ্তরসমূহের মাধ্যমে নাগরিকগণ যাতে সহজে, সুলভে ও বিড়ম্বনাবিহীনভাবে সেবা পেতে পারেন, তা নিশ্চিতকরণে সরকারি দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বা নাগরিক সনদ বা 'সিটিজেন'স চার্টার' প্রচলিত হয়েছে। সিটিজেন'স চার্টারে সেবা প্রদানের সময়সীমা, সেবার সহজলভ্যতা, সেবা প্রদানের ক্ষেত্রে কোন নাগরিক সংক্ষুদ্ধ হলে তার প্রতিকার এবং অন্যান্য প্রাসংগিক তথ্য লিপিবদ্ধ থাকে। এটি কোন দপ্তর কর্তৃক ঘোষিত সেবা প্রদানের সময়সীমা বা মান সম্পর্কিত একটি অংগীকারনামা। এটি প্রকাশের মাধ্যমে তা মেনে চলার বিষয়টি ব্যক্ত করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথ বাস্তবায়নে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'তে বাস্তবায়ন কর্মপরিকল্পনা অন্তর্ভূক্ত করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে কিনা তা পর্যালোচনার জন্যই অদ্যকার সভা আহবান করা হয়েছে। কর্মপরিকল্পনা ২০২২-২৩ মোতাবেক পরিবীক্ষণ কমিটি পুর্নগঠন, সভার আয়োজন, সিদ্ধান্ত বাস্তবায়ন, সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ, কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনারের আয়োজন এবং স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভায় আয়োজন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পুর্নগঠন করতে হবে;
(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে;
(গ) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড দিতে হবে;
(ঘ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার এবং সভার আয়োজন করতে হবে;
(চ) নির্ধারিত সময়ের মধ্যে মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ
০৪/১২/২০২২
মুহাম্মদ রেজাউল কবীর
যুগ্মসচিব (প্রশাসন)

নং-৩২.০০.০০০০.০১৯.১৬.০৩৪.২২.৯৫৭/১(১১)　　　　　　　　　　তারিখঃ ০৪/১২/২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।
০২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
০৩। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
০৪। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
০৫। উপসচিব (প্রশাসন-১), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপসচিব (প্রশিক্ষণ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। লাইব্রেরীয়ান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। অফিস কপি।

৪/১২/২২

(মোঃ মাসুদুর রহমান)
উপসচিব (প্রশাসন-২)
ফোনঃ (০২) ৫৫১০০১৯৩

পরিশিষ্ট-ক

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৩০/১১/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার উপস্থিতিঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবি	স্বাক্ষর
১।	মাহবুবা আক্তার, উপসচিব (প্রশা-১)	[signature] ৩০/১১/২২
২।	মোহাম্মদ [illegible] উপসচিব ([illegible]) মবিমন্ত্র	[signature] ৩০/১১/২০২২
৩।	মো: মাসুদুর রহমান উপসচিব (বি-২), মশিবিম	[signature] ৩০/১১/২০২২
৪।	তানিয়া মৌসুমী খান সহকারী পরিচালক, মবিঅ	[signature] ৩০/১১/২২
৫।	শাহীনা আফরিন প্রোগ্রাম অফিসার	[signature] ৩০/১১/২২
৬।	মোবারক হোসেন সহঃ প্রোগ্রামার	[signature] ৩০/১১/২২
৭।	মোছা: আফরোজা সুলতানা সহ: ব্যবস্থাপক	[signature] ৩০/১১/২০২২
৮।	মো: ইকবাল হক প্রোগ্রামার	[signature] ৩০/১১/২০২২